গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২৫.২৫১ তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে উফশী রোপা আমন ধানের চারা বিতরণের নিমিত্ত সরকারি জমিতে চারা তৈরি অনুদান বাবদ কৃষি পুনর্বাসন সহায়তা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১২.০১.০০০০.১৬৬.০৫.০০১.২০.২৪৫৩, তারিখ: ১৯/০৭/২০২৬খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২৫.২৪৯; তারিখ: ২১-০৭-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৬-২৭ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে উফশী রোপা আমন ধানের চারা বিতরণের নিমিত্ত সরকারি জমিতে চারা তৈরি অনুদান বাবদ ৩৭.৯৯ লক্ষ (সাঁইত্রিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে সরকারি ব্যবস্থাপনায় উফশী রোপা আমন ধানের চারা উৎপাদনের লক্ষ্যে জমির তথ্য ও খরচের বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে বাস্তবায়ন পদ্ধতি ও শর্তাবলী উল্লেখপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ পুনর্বাসন কর্মসূচির আওতায় সরকারি ব্যবস্থাপনায় উফশী রোপা আমন ধানের চারা উৎপাদনের লক্ষ্যে জমির তথ্য ও খরচ বিবরণ:

ক) বীজতলা স্থাপন করা যাবে এমন জমির তথ্য ও খরচের হিসাব:

**অঞ্চলের নামঃ চট্টগ্রাম, রাঙামাটি ও সিলেট**

| ক্রমিক নং | জেলার নাম | বীজতলার জমির পরিমান (হেক্টর) | বীজ প্রয়োজন ০.৮০ টন/হেক্টর | বীজের মূল্য (লক্ষ টাকা) ৭০টাকা/কেজি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | চটগ্রাম | ২.৬৬ | ২.১৩ | ১.৪৯ | |
| ২ | কক্সবাজার | ২.৪৬ | ১.৯৭ | ১.৩৮ | |
| ৩ | রাঙ্গামাটি | ০.৮০ | ০.৬৪ | ০.৪৫ | |
| ৪ | খাগড়াছড়ি | ০.২০ | ০.১৬ | ০.১১ | |
| ৫ | বান্দরবান | ০.২৮ | ০.২২ | ০.১৬ | |
| ৬ | মৌলভীবাজার | ৫.০০ | ৪.০০ | ২.৮০ | |
| ৭ | হবিগঞ্জ | ৩.৪৪ | ২.৭৫ | ১.৯৩ | |
| | **৭ জেলার সর্বমোট** | **১৪.৮৪** | **১১.৮৭** | **৮.৩১** | |

**খ) ১৪.৮৪ হেক্টর জমির জন্য সম্ভাব্য খরচ**

| ক্রমিক নং | খাত | ১৪.৮৪ হেক্টর জমি জন্য মোট খরচ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বীজের মূল্য | ৮.৩০৯ | |
| ২ | পাওয়ার টিলার দ্বারা বীজতলা চাষ (তিন) ও তৈরী | ৭.৪২ | |
| ৩ | চারা উত্তোলন ও বান্ডিল করা | ১৮.৫৫ | |
| ৪ | পরিবহন খরচ থোক | ৩.৭১১ | |
| | **মোট** | **৩৭.৯৯** | |

* কৃষক প্রতি চারা বাবদ ব্যয় (৩৭.৯৯ লক্ষ/ ২২২৬ জন) ১৭০৬.৬৪ টাকা (এক হাজার সাতশত ছয় টাকা চৌষট্টি পয়সা)
* পাওয়ার টিলার দ্বারা বীজতলা চাষ (তিন) ও তৈরী (০.৫০ লক্ষ টাকা/হেক্টর (১৪.৮৪×০.৫০=৭.৪২ লক্ষ টাকা);
* চারা উত্তোলন ও বান্ডিল করা ১২৫ শ্রমিক/হেক্টর (শ্রমিকের মজুরি ১০০০ টাকা) (১৪.৮৪×১২৫×১০০০= ১৮.৫৫ লক্ষ টাকা);
* লোড-আনলোড সহ পরিবহন খরচ থোক ২৫০০০ টাকা/হেক্টর (১৪.৮৪×২৫০০০= ৩.৭১ লক্ষ টাকা)

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি):

| ক্র: নং | জেলার নাম | জমির পরিমান | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা) | বীজের পরিমান (মে.টন) | উপকরণ ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | | | বীজ | জমি তৈরি | চার উত্তোলন ও বান্ডিল | পরিবহন ব্যয় ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | চট্টগ্রাম | ২.৬৬ | ৩৯৯ | ২.১৩ | ১.৪৯১ | ১.৩৩০ | ৩.৩২৫ | ০.৬৬৫ | ৫.৩২০ | ৬.৮১১০ |
| ২ | কক্সবাজার | ২.৪৬ | ৩৬৯ | ১.৯৭ | ১.৩৭৯ | ১.২৩০ | ৩.০৭৫ | ০.৬১৫ | ৪.৯২০ | ৬.২৯৯০ |
| ৩ | রাঙ্গামাটি | ০.৮ | ১২০ | ০.৬৪ | ০.৪৪৮ | ০.৪০০ | ১.০০০ | ০.২০০ | ১.৬০০ | ২.০৪৮০ |
| ৪ | খাগড়াছড়ি | ০.২ | ৩০ | ০.১৬ | ০.১১২ | ০.১০০ | ০.২৫০ | ০.০৫০ | ০.৪০০ | ০.৫১২০ |
| ৫ | বান্দরবান | ০.২৮ | ৪২ | ০.২২ | ০.১৫৪ | ০.১৪০ | ০.৩৫০ | ০.০৭০ | ০.৫৬০ | ০.৭১৪০ |
| ৬ | মৌলভীবাজার | ৫ | ৭৫০ | ৪.০০ | ২.৮০০ | ২.৫০০ | ৬.২৫০ | ১.২৫০ | ১০.০০০ | ১২.৮০০০ |
| ৭ | হবিগঞ্জ | ৩.৪৪ | ৫১৬ | ২.৭৫ | ১.৯২৫ | ১.৭২০ | ৪.৩০০ | ০.৮৬১ | ৬.৮৮১ | ৮.৮০৬০ |
| মোট | | ১৪.৮৪ | ২২২৬.০০ | ১১.৮৭ | ৮.৩০৯০ | ৭.৪২০০ | ১৮.৫৫০০ | ৩.৭১১০ | ২৯.৬৮১০ | ৩৭.৯৯ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2025 অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কৃষি পুনর্বাসন কার্যক্রম (চারা সহায়তা) বাস্তবায়নের লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত আগ্রহী কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত এলাকার আমন ধান চাষে আগ্রহী ও উপযুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের মাঝে চারা বিতরণ করতে হবে;

৪. ০১ (এক) জন কৃষককে ০১ (এক) বিঘা জমির জন্য প্রয়োজনীয় চারা বিতরণ করতে হবে;

৫. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৬. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষক এর জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৭. এ কর্মসূচির আওতায় আমন বীজতলার উফশী বীজ জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। কোন কারণে বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর'র সাথে পরামর্শক্রমে উপযুক্ত উৎস থেকে সংগ্রহ করতে হবে;

৮. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৯. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

১০. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসন জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ (এক) কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ০৪ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ৩ টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ০৪ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

**১৩. অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;**

**১৪. চারা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

**১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে এবং**

**১৬. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষক নাম ও জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | চারার নাম ও জাত-<br>চারার পরিমাণ- | |

২২/০৭/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।

২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ০৪ জেলা)।

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২৫.২৫১

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)** ।
৮. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ০৭ জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১/০৭/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব